অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 12/7/2022 **গভর্নর ক্যাথি হোকল**

গভর্নর হোকল লেক প্ল্যাসিড 2023 FISU ওয়ার্ল্ড ইউনিভার্সিটি গেমসকে সামনে রেখে 104 মিলিয়ন মার্কিন ডলারের লেক প্ল্যাসিড অলিম্পিক সেন্টারের কাজ শেষ হওয়ার ঘোষণা করলেন

এর মধ্যে থাকছে শীতকালীন ক্রীড়া ফ্যাসিলিটি, নতুন খুচরা বিক্রি ও খাওয়াদাওয়ার স্থান, ভবিষ্যতের আয়োজন শহরগুলির জন্য পরিবেশ মানদণ্ড বৃদ্ধি করতে উন্নয়নকাজ

নতুনভাবে সংস্কারকৃত লেক প্ল্যাসিড অলিম্পিক জাদুঘর আগামীকাল লেক প্ল্যাসিড অলিম্পিক সেন্টারে খুলে দেওয়া হবে

লেক প্ল্যাসিড 2023 FISU ওয়ার্ল্ড ইউনিভার্সিটি গেমসের টিকেট উপলভ্য এখানে

গভর্নর ক্যাথি হোকল আজকে ঘোষণা করলেন যে 2023 সালের 12-22 জানুয়ারি অনুষ্ঠিত হতে যাওয়া লেক প্ল্যাসিড 2023 FISU ওয়ার্ল্ড ইউনিভার্সিটি গেমসকে (Lake Placid 2023 FISU World University Games) সামনে রেখে 104 মিলিয়ন মার্কিন ডলারের লেক প্ল্যাসিড অলিম্পিক সেন্টারের (Lake Placid Olympic Center) কাজ শেষ হয়েছে। নিউ ইয়র্ক স্টেটের অলিম্পিক আঞ্চলিক বিকাশ কর্তৃপক্ষ (Olympic Regional Development Authority, ORDA) দ্বারা সম্পূর্ণ হওয়া সংস্কারের মধ্যে আছে অলিম্পিক সেন্টারের সারা বছরের ফ্যাসিলিটিগুলি হালনাগাদকরণ, সেই সাথে একদম নতুন খুচরা বিক্রির দোকান, ইনডোর ও আউটডোর খাওয়াদাওয়ার স্থান, এবং একটি সম্পূর্ণ আপডেট করা লেক প্ল্যাসিড অলিম্পিক জাদুঘর (Lake Placid Olympic Museum, LPOM), যা আগামীকাল 8 ডিসেম্বর খুলে দেওয়া হবে। একত্রে, এই হালনাগাদকরণগুলি গেমসের চূড়ান্ত প্রস্তুতি শেষ হওয়া চিহ্নিত করছে, এবং লেক প্ল্যাসিডে ভবিষ্যতের শীতকালীন ক্রীড়া কার্যক্রমকে সমর্থন করবে।

"লেক প্ল্যাসিড অলিম্পিক সেন্টারের রূপান্তর অঞ্চলের সমৃদ্ধ শীতকালীন ক্রীড়া ইতিহাসকে সম্মান জানায় এবং আগামী কয়েক দশকের জন্য একটি বৈশ্বিক শীতকালীন ক্রীড়া গন্তব্য হিসেবে এর অবস্থানকে পাকাপোক্ত করে," **গভর্নর হোকল বলেন।** "যেহেতু এই সংস্কার কাজগুলি এখন শেষ হয়েছে, তাই নিউ ইয়র্ক আনুষ্ঠানিকভাবে সারা বিশ্বের ক্রীড়াবিদ এবং দর্শকদের আগামী বছরের ওয়ার্ল্ড ইউনিভার্সিটি গেমসের জন্য স্বাগত জানাতে প্রস্তুত। আমি এই নতুন এরিনা, দোকান এবং খাওয়াদাওয়ার স্থানগুলি আগামী মাসে নিজের চোখে দেখতে উন্মুখ,

এবং আমি সকল নিউ ইয়র্কবাসীকে জীবনে একবার হয় এমন ক্রীড়া ইভেন্টটির টিকেট কিনতে উৎসাহিত করবো।"

লেক প্ল্যাসিড 2023 FISU ওয়ার্ল্ড ইউনিভার্সিটি গেমস একটি 11 দিনের একাধিক শীতকালীন ক্রীড়ার ইভেন্ট এবং শিক্ষাগত উৎসব, যা 50টির বেশি দেশের 600টি ইউনিভার্সিটি থেকে 12টি শীতকালীন ক্রীড়া ও 86টি মেডেল ইভেন্টে প্রতিযোগিতা করার জন্য 1,500-র বেশি ক্রীড়াবিদকে আকর্ষণ করবে বলে প্রত্যাশা করা যাচ্ছে। গেমসের টিকেট উপলভ্য এখানে।

ORDA-র রক্ষণাবেক্ষণ এবং পরিচালনা করা অলিম্পিক সেন্টারের সংস্কারকাজের মধ্যে রয়েছে 1980 হার্ব ব্রুকস (Herb Brooks) এবং 1932 হ্যাক শিয়া এরিনাগুলির (Jack Shea Arenas) পুনরুজ্জীবন, জেমস সি. শেফিল্ড স্পিড স্কেটিং ওভাল (James C. Sheffield Speed Skating Oval) পুনরায় নির্মাণ করা, একটি হালনাগাদ রেফ্রিজারেশন প্ল্যান্ট, এবং আরো বৃহত্তর নতুন করে নকশা করা অতিথি স্থান। ভেন্যুর মিরাকল প্লাজাতে (Miracle Plaza) এছাড়াও এখন থাকবে একটি নতুন খুচরা বিক্রির দোকান যেখান থেকে বেড়াতে আসা মানুষেরা উপহার ও স্যুভেনির কিনতে পারবে এবং রোমার্স ক্যাফেতে (Roamers Café) অ্যাডিরন্ড্যাকের উঁচু চূড়াগুলির (Adirondack High Peaks) মনোরম দৃশ্যের সাথে ইনডোর ও আউটডোরে খাওয়াদাওয়ার ব্যবস্থা থাকবে।

অলিম্পিক সেন্টারে এছাড়াও থাকবে লেক প্ল্যাসিড অলিম্পিক জাদুঘর, শীতকালীন অলিম্পিক স্মারকের বিশ্বের সর্ববৃহৎ সংগ্রহগুলির একটির বাড়ি। জাদুঘরে থাকবে ইন্টারেকটিভ প্রদর্শনী, 3D ভিজুয়ালাইডেশন, পরীক্ষামূলক শিক্ষার প্রদর্শনী, এবং নিযুক্তকারী প্রদর্শনী ও শিল্পকর্ম যা লেক প্ল্যাসিডের সমৃদ্ধ শীতকালীন ক্রীড়ার ইতিহাস ও সাহসী ভবিষ্যতের গল্প বলতে সাহায্য করবে।

অলিম্পিক সেন্টারটি দেশের প্রসিদ্ধতম ক্রীড়া ফ্যাসিলিটিগুলির একটি এবং এটি লেক প্ল্যাসিড এবং নিউ ইয়র্কের নর্থ কান্ট্রি অঞ্চলের একটি নোঙ্গর হিসেবে কাজ করে। অলিম্পিক সেন্টারটি 1932 এবং 1980 সালের অলিম্পিক আয়োজন করেছে যেখানে বিখ্যাত মিরাকল ও আইস অনুষ্ঠিত হয়েছিলো যেখানে স্পিডস্কেটার এরিক হেইডেন পাঁচটি স্বর্ণপদক জিতে বিশ্বরেকর্ড করেছিলেন। FISU ওয়ার্ল্ড ইউনিভার্সিটি গেমসের সময়, অলিম্পিক সেন্টারটি উদ্বোধনী ও সমাপনী অনুষ্ঠান দুইটির, ফিগার স্কেটিং, স্পিড স্কেটিং, শর্ট ট্র্যাক এবং স্পিড স্কেটিং এবং নারী ও পুরুষের আইস হকি মেডেল রাউন্ডের সাইট হবে।

গত ছয় বছর ধরে, নিউ ওয়ার্ক স্টেট ORDA-র ফ্যাসিলিটিগুলিতে 550 মিলিয়ন মার্কিন ডলারের বেশি বিনিয়োগ করেছে, যার মধ্যে রয়েছে অলিম্পিক সেন্টারের জন্য 104 মিলিয়ন মার্কিন ডলার, আজকে অঞ্চলটিকে বৈশ্বিক শীতকালীন ক্রীড়া গন্তব্য হিসেবে পুনঃপ্রতিষ্ঠা করা যায়। ভেন্যুগুলি সারা বছরের ইভেন্ট, ক্রীড়াবিদের প্রশিক্ষণ, এবং বিনোদনের জন্য খোলা থাকবে, সেই সাথে বিশ্বমানের অভিজ্ঞতা ও প্রতিযোগিতা প্রদান করে যাবে। গত শীতেকালে, নিউ ইয়র্ক 68.5 মিলিয়ন ভিজিটরকে স্বাগত জানিয়েছে, যা ভিজিটরদের সরাসরি খরচের মাধ্যমে 16.1 বিলিয়ন ডলার অর্থ নিয়ে এসেছে। গভর্নর হোকল গত মাসে 2022-2023 স্কি মৌসুমের শুরুর ঘোষণা করেছেন।

FISU ওয়ার্ল্ড ইউনিভার্সিটি গেমসের আয়োজক অংশীদার হিসেবে, ORDA অধিকাংশ প্রতিযোগিতার সাইট হবে এমন ভেন্যু গুলিতে উল্লেখযোগ্য পরিমাণ টেকসই হওয়ার ব্যবস্থা বাস্তবায়ন করেছে। গেমসের শীতকাল বাঁচাও উদ্যোগটি পরিবেশের টেকসই হওয়া সংক্রান্ত শিক্ষা ও সচেতনতা প্রদান করে। গেমসের একটি গুরুত্বপূর্ণ দিক হলো ওয়ার্ল্ড ইউনিভার্সিটি সম্মেলন (World University Conference), যেখানে বক্তারা জলবায়ু পরিবর্তন প্রশমন সমর্থন করতে প্রয়োজনীয় উদ্যোগ ও পদক্ষেপের ব্যাপারে তথ্য উপস্থাপন করবে। একত্রে, আয়োজক অংশীদারগণ ও নিউ ইয়র্ক স্টেট পরিবেশের সাথে প্রতিশ্রুতি দ্বারা ভবিষ্যৎ অনুষ্ঠানগুলির একটি নতুন মানদণ্ড স্থাপন করছে।

অলিম্পিক আঞ্চলিক বিকাশ কর্তৃপক্ষের প্রেসিডেন্ট ও প্রধান নির্বাহী কর্মকর্তা মাইকেল প্র্যাট বলেন, "অলিম্পিক আঞ্চলিক বিকাশ কর্তৃপক্ষ বিশ্বের শীর্ষতম অলিম্পিক লিগেসি সংগঠনগুলির একটি।এই ভেন্যুগুলির রূপান্তর অসাধারণ, যা ভবিষ্যতে অনেক দিন পর্যন্ত ক্রীড়াবিদ ও দর্শকদেরকে তাদের মূল্য সম্পর্কে নিশ্চিত করবে।আমরা এইসব বিশেষ নিউ ইয়র্ক স্টেট সম্পদের গর্বিত রক্ষক।"

এম্পায়ার স্টেট ডেভেলপমেন্টের (Empire State Development) ভাইস প্রেসিডেন্ট ও পর্যটনের নির্বাহী পরিচালক রস ডি. লেভি বলেন, "অলিম্পিক সেন্টার এবং জাদুঘরের উন্নয়নকাজ ও হালনাগাদকরণ শুধু আসন্ন FISU ওয়ার্ল্ড ইউনিভার্সিটি গেমস দেখতে আসা দর্শকদের অতিথি অভিজ্ঞতা উন্নত করবে না, এর সাথে এটি বিশ্বের বিভিন্ন স্থান থেকে অঞ্চলের সমৃদ্ধ শীতকালীন ক্রীড়া লিগেসিতে আগ্রহ ভ্রমণকারীদের ভবিষ্যতে এখানে আসতে উৎসাহিত করবে। আই লাভ NY আমাদের ORDA সহকর্মীদের সাথে অংশীদারিত্ব অব্যাহত রেখে কীভাবে অতিথিরা নিউ ইয়র্ক স্টেটের এই স্বর্ণপদক অভিজ্ঞতার একটি অংশ হতে পারে তার নতুন উপায় প্রদর্শন করতে উন্মুখ।"

লেক প্ল্যাসিড 2023 FISU ওয়ার্ল্ড ইউনিভার্সিটি গেমস আয়োজন কমিটির প্রধান পরিচালনা কর্মকর্তা এবং লেক প্ল্যাসিড অলিম্পিক জাদুঘরের বোর্ড সদস্য অ্যাশলি ওয়াল্ডেন বলেন, "এটি খুব বিশেষ একটি মুহূর্ত যেহেতু আমরা ভবিষ্যতের জাদুঘরসহ অলিম্পিক সেন্টারটি এক নজরে দেখতে পারছি, একজন LPOM বোর্ড সদস্য হিসেবে আমি অতি গর্বিত যে জাদুঘরটি নতুন বিষয়বস্তু ও প্রদর্শনী নিয়ে জীবিত হয়ে উঠছে। পাশাপাশি, যেহেতু FISU ওয়ার্ল্ড ইউনিভার্সিটি গেমসের মাত্র 36 দিন বাকি, আমি অতি আনন্দিত যে সকল অংশগ্রহণকারীর কাছে এই অনন্য ক্রীড়া ইতিহাসের দেখার সুযোগ থাকবে যখন তারা সেই ভেন্যুগুলিতে প্রশিক্ষণ ও প্রতিযোগিতা করবে যেখানে এরিক হেইডেন, মাইক এরুজিয়ন এবং ফিল মায়ারের মতো ব্যক্তিরা করেছিলো।"

স্টেটের সিনেটর ড্যান স্টেক বলেন, "লেক প্ল্যাসিড 2023 FISU ওয়ার্ল্ড ইউনিভার্সিটি গেমসের কারণে মিলিয়ন মিলিয়ন চোখ থাকবে আমাদের অঞ্চলের উপর। অলিম্পিক সেন্টারের সংস্কার কাজগুলি নিশ্চিত করবে যাতে লেক প্ল্যাসিড গেমসের জন্য প্রস্তুত থাকে। সংস্কার কাজ শেষ হওয়ার ফলে, অংশগ্রহণকারী এবং দর্শক উভয়ই আমাদের অলিম্পিক ইতিহাসের অভিজ্ঞতা

নিতে পারবে এবং আসন্ন গেমসের মাধ্যমে নিজেদের নতুন আকর্ষণীয় ইতিহাস তৈরি করতে পারবে।"

অ্যাসেম্বলি সদস্য ম্যাথ সিম্পসন বলেন, "নিউ ইয়র্ক স্টেট, অলিম্পিক আঞ্চলিক বিকাশ কর্তৃপক্ষ, এবং আরো অনেক স্টেকহোল্ডার যারা একত্রে এসে সত্যিকারের একটি বিশ্বমানের ভেন্যু তৈরি করেছেন এমনভাবে যাতে এটি বিশ্বমানের নির্মাণকুশলতা এবং পরিবেশের রক্ষক হিসেবে একটি আন্তর্জাতিক মানদণ্ড নির্ধারণ করে তারা সকল নিউ ইয়র্কবাসী এবং দেশবাসীর গর্ব করার মতো একটি অর্জন করেছেন। আমরা যে সারা বিশ্বের ক্রীড়াবিদদের প্রতিযোগিতা করার জন্য এবং তাদের স্বপ্ন সত্যি হতে দেখার জন্য এমন লক্ষণীয় একটি পরিবেশ তৈরি করেছি তা গর্বের এমন একটি চেতনা নিয়ে আসে যা আমরা সবাই ভাগ করে নিতে পারবো। এই নিউ ইয়র্কের জন্য একটি ঐতিহাসিক মুহূর্ত এবং আমি এটিকে ফলপ্রসূ হতে দেখতে পেরে অত্যন্ত আনন্দিত।"

লেক প্ল্যাসিড মেয়র আর্ট ডেভলিন বলেন, "1932 এবং 1980 সালের শীতকালীন অলিম্পিক লেক প্ল্যাসিডকে মানচিত্রে স্থাপন করেছে। FISU গেমস অনুঘটক হিসেবে কাজ করেছে যা আমাদের গ্রামের মেইন স্ট্রিট, বেসরকারি অবকাঠামো, এবং ক্রীড়া ফ্যাসিলিটি, এখন পুনর্জীবিত অত্যাধুনিক বিশ্বমানের ভেন্যুগুলিতে প্রয়োজনীয় উন্নয়ন এনেছে। এই উন্নয়নকাজগুলি আগামী বহু বছর ধরে অঞ্চলকে লাভবান করবে এবং এটি সম্ভব করা হয়েছে গভর্নর হোকলের নির্দেশনা এবং ORDA-তে স্টেটের স্থানীয় অঙ্গের অধীনে। মিরাকল প্লাজার কাজ শেষ হওয়া এবং জাদুঘর খোলার মাধ্যমে, লেক প্ল্যাসিড আরেকবার বিশ্বকে স্বাগত জানাতে প্রস্তুত।"

###

আরো সংবাদ এখানে পাওয়া যাবে: www.governor.ny.gov
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418